তারিখ : 26 FEB 2016
পৃষ্ঠা : ৪ কলাম : ৪

সমকাল

ইউডার সমাবর্তনে শিক্ষামন্ত্রী

# আইন অমান্য করে কোনো বিশ্ববিদ্যালয় টিকবে না

■ সমকাল প্রতিবেদক

আইন অমান্য করে কোনো বিশ্ববিদ্যালয় টিকে থাকতে পারবে না বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল বৃহস্পতিবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অলটারনেটিভের (ইউডা) পঞ্চম সমাবর্তন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, সরকার উচ্চ শিক্ষাকে জাতীয় উন্নয়নের চাবিকাঠি হিসেবে চিহ্নিত করেছে। তাই শিক্ষার গুণগত মান নিয়ন্ত্রণের জন্য অ্যাক্রিডিটেশন কাউন্সিল প্রতিষ্ঠার উদ্যোগ নেওয়া হয়েছে।

শিক্ষা নিয়ে বাণিজ্যের বিরুদ্ধে সরকারের অবস্থান পুনর্ব্যক্ত করে নাহিদ বলেন, বর্তমানে পাবলিক বিশ্ববিদ্যালয়ের তুলনায় প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থী ও গ্র্যাজুয়েট সংখ্যা বেশি। এটি প্রশংসার দাবি রাখে। কিন্তু অনেক উদ্যোক্তাই সরকারের নিয়মনীতি অনুসরণ করেন না। এটা শুধু অনৈতিক নয়; আইন লঙ্ঘনেরও শামিল। শিক্ষাক্ষেত্রে যারা সরকার গৃহীত আইন মানবে না তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

নুরুল ইসলাম নাহিদ বলেন, প্রাথমিক স্কুলে ৯৯ শতাংশ শিশুকে সাক্ষরতার আওতায় আনতে পেরেছি। কিন্তু এটি ধরে রাখা কষ্টকর। উচ্চ শিক্ষার মানোন্নয়নে উচ্চশিক্ষা কাউন্সিল আইন তৈরির কাজ প্রায় চূড়ান্ত পর্যায়ে রয়েছে বলেও উল্লেখ করেন তিনি।

অনুষ্ঠানে সমাবর্তন বক্তা ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সাবেক চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী। স্বাগত বক্তব্য রাখেন ইউডার উপাচার্য অধ্যাপক ড. এমাজউদ্দীন আহমদ। এ ছাড়া বক্তৃতা করেন ইউডার বোর্ড অব ট্রাস্টির প্রেসিডেন্ট অধ্যাপক মুজিব খান।

সমাবর্তনে বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর ও স্নাতকে এক হাজার ৩৬০ শিক্ষার্থীকে ডিগ্রি প্রদান করা হয়। ভালো ফল করায় ৮ শিক্ষার্থী সমাবর্তনে চ্যান্সেলর অ্যাওয়ার্ড স্বর্ণপদক এবং অ্যাওয়ার্ড অব মেরিট ক্রেস্ট পেয়েছেন ১৭ শিক্ষার্থী।